B.A/4th Sem (G)/BNGM/23(CBCS)

# 2023

## 4th Semester Examination

## BENGALI (General)

### Paper : AECC (Core) MIL 2-T

[CBCS]

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

**(উনিশ শতকের বাংলা প্রবন্ধ ও লোকসাহিত্য)**

**বিভাগ - ক**

যে কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। 'তাঁহাদিগের কথিত তিনটি শ্রেণী গ্রহণ করিলেই যথেষ্ট হয়'। — তিনটি শ্রেণি কী কী?

২। 'পাশ্চাত্ত্য ভাষায় অনেকগুলির উৎকৃষ্ট কাব্য আছে, যাহা নাটকের ন্যায় কথোপকথনের গ্রন্থিত কিন্তু বস্তুত নাটক নহে।' — এই প্রসঙ্গে বঙ্কিমচন্দ্র কোন্ কোন্ গ্রন্থের উদাহরণ দিয়েছেন?

৩। 'গীতিকাব্য' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র কোন্ কোন্ গ্রন্থগুলিকে বাংলার উৎকৃষ্ট গীতিকাব্য বলেছেন?

P.T.O.

৪। 'বিদ্যাসাগর' প্রবন্ধটি কত সালে, কোথায় পাঠ করা হয়েছিল?

৫। 'কাটনাগরী' কী, তা 'মুসলমানি বাংলা' প্রবন্ধ অবলম্বনে অতিসংক্ষেপে আলোচনা করো।

৬। 'মুসলমানি বাংলা' পুস্তক কোথায় কোথায় ছাপা হয় বলে প্রাবন্ধিক নির্দেশ করেছেন?

৭। 'মুসলমানি বাংলার' উদাহরণস্বরূপ হরপ্রসাদ শাস্ত্রী কোন্ গল্পের কথা উল্লেখ করেছেন? সেই গল্পের দুটি চরিত্রের নাম লেখো।

৮। 'মুসলমানি বাংলা' প্রবন্ধটি কত সালে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

৯। 'এই দেশ ছাড়িয়া চল ভিনদেশেতে যাই।/বুঝাইলে না বুঝে মন কি দিয়া বুঝাই।' — কে, কাকে উদ্দেশ্য করে এই কথা বলেছে?

১০। 'মা ছাড়বাম বাপ ছাড়বাম ছাড়বাম ঘর বাড়ি।/তোমারে লইয়্যা কইন্যা অইয়াম দেশান্তরি।' — বক্তা কে? সে কাকে উদ্দেশ্য করে এই কথা বলেছে?

১১। 'বিদায় দেও গো মা জননী বিদায় দেও আমারে।' — কে, কাকে এই কথা বলেছিল?

১২। 'শুন শুন কইন্যা ওরে আমার কথা রাখ।/মনের কথা কইবাম আমি একটু কাছে থাক।' — কে, কাকে কখন এই কথা বলেছিল?

১৩। 'আমি যে অবলা নারী আছে কুল মান/বাপের সঙ্গে নাহি গেলে নাহি থাকিব মান।/ — কে, কাকে উদ্দেশ্য করে এই কথা বলেছিল?

১৪। 'সাপে যেমন পাইল মণি পিয়াসী পাইল জল/পদ্মফুলের মধু খাইতে ভমরা পাগল।' — কোন্ প্রসঙ্গে এই কথা বলা হয়েছে?

১৫। ইয়েজ্বিদ কাদের হত্যা করেছিল প্রবন্ধানুসরণে লেখো।

## বিভাগ - খ

যে কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। 'গীতিকাব্য' প্রবন্ধটি অবলম্বনে বঙ্কিমচন্দ্রের কবি দৃষ্টিভঙ্গির সংক্ষিপ্ত পরিচয় দাও।

১৭। 'মুসলমানি বাংলা' প্রবন্ধে মুসলমানি বাংলার স্বরূপ তুলে ধরার জন্য প্রাবন্ধিক যে গল্পটির উপস্থাপনা করেছেন, তা সংক্ষেপে আলোচনা করো।

১৮। 'ভাববার কথা' প্রবন্ধে স্বামী বিবেকানন্দ সত্যের শিক্ষার যে স্বরূপ তুলে ধরেছেন, তা সংক্ষেপে আলোচনা করো।

১৯। 'মহুয়া পালা' অবলম্বনে পালংসই চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

২০। 'সেই প্রাচ্য মনুষ্যত্বের আদর্শ জীবনকে যুগপৎ প্রণোদিত ও সংযমিত রাখিবে।' — 'বিদ্যাসাগর' প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটির তাৎপর্য সংক্ষেপে আলোচনা করো।

২১। 'মহুয়া পালা'র নায়ক চরিত্র রূপে নদের চাঁদ চরিত্রটির গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো।

P.T.O.

## বিভাগ - গ

যে কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। 'মুসলমানি বাংলা' প্রবন্ধটিতে প্রাবন্ধিক বঙ্গ-সংস্কৃতির যে চিত্র তুলে ধরেছেন, তা আলোচনা করো।

২৩। 'বিদ্যাসাগরের চরিত্রে এমন দুই-একটা পদার্থ ছিল, যাহাতে পাশ্চাত্য মানব হইতে তাঁহাকে পৃথক করিয়া রাখিয়াছিল।' — 'বিদ্যাসাগর' প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটি আলোচনা করো।

২৪। 'মহুয়া পালা'র কেন্দ্রীয় চরিত্র হিসেবে মহুয়া চরিত্রটি বিশ্লেষণ করো।

২৫। 'মহুয়া' গীতিকাটি প্রেম-মনস্তত্ত্বে সমুজ্জ্বল। — মন্তব্যটি আলোচনা করো।

---

**অথবা**

**(ভাষাতত্ত্ব ও সাহিত্য তত্ত্ব)**

**বিভাগ - ক**

যে কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। বিচ্যুতি বা বিসারণ (Deviation) কাকে বলে? ২

২। সমান্তরলতা (Parallelism) কাকে বলে? ২

৩। বহুস্বরতা বা বহুধ্বনিময়তা (Polyphony) বলতে কী বোঝ? ২

৪। ভারতীয় ভাষাসমূহের বর্গীকরণ ও উন্নয়নের কাজ কোন্ কেন্দ্রীয় সংস্থার মাধ্যমে হয়? এই সংস্থা ভাষা পরিকল্পনার জন্য যে দুটি পত্রিকা প্রকাশ করে সেগুলির নামোল্লেখ করো। ২

৫। ভাষা পরিকল্পনার সূত্রপাত কত সালে হয়? কে এই বিষয়ে অগ্রগণ্য ভূমিকা নিয়েছিলেন? ২

৬। ভাষা পরিকল্পনার কাজ যে চারটি ধাপের মধ্যে দিয়ে হয়, সেগুলির নাম লেখো। ২

৭। 'বক্রোক্তিজীবিতম্' গ্রন্থটি কার রচনা? তিনি কোন্ সময়ে আবির্ভূত হয়েছিলেন? ২

৮। 'ধ্বন্যালোক' কার লেখা? তিনি কোন্ শতাব্দীর আলংকারিক? ১+১

৯। আচার্য বামনের গ্রন্থের নাম কী? তিনি কোন্ শতাব্দীর আলংকারিক? ১+১

P.T.O.

১০। ‘কাব্যালংকারসূত্রবৃত্তি’ গ্রন্থটির রচয়িতা কে? তিনি কোন্ শতাব্দীর আলংকারিক? ১+১

১১। ‘কাব্যাদর্শ’ গ্রন্থটির রচয়িতা কে? তিনি রীতিকে কোন শব্দে চিহ্নিত করেছেন? ১+১

১২। ‘আলংকারিক বামন রীতিকে কয়টি ভাগে বিভক্ত করেছেন ও কী কী? ২

১৩। আলংকারিক রুদ্রট রীতিকে কয়টি ভাগে বিভক্ত করেছেন ও কী কী? ২

১৪। ‘কাব্যপ্রকাশ’ কার লেখা? তিনি কোন্ সময়ে আবির্ভূত হয়েছিলেন? ১+১

১৫। ‘কাব্যমীমাংসা’ কার লেখা? তিনি কোন্ শতাব্দীর আলংকারিক? ১+১

## বিভাগ - খ

যে কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। টীকা লেখো : প্রমুখন (Foregrounding)।

১৭। সংকেত বদল (Code switching) বলতে কী বোঝো আলোচনা করো।

১৮। টীকা লেখো : গুণ।

১৯। ফেমিনিজম্ বা নারীবাদের উদ্ভব ও বিকাশের ইতিবৃত্ত লেখো।

২০। আধুনিক সাহিত্য আন্দোলনে গঠনবাদ বা স্ট্রাকচারালিজমের ভূমিকা সংক্ষেপে লেখো।

২১। 'রীতিরাত্মা কাব্যস্য' — মতটি সংক্ষেপে আলোচনা করো।

## বিভাগ - গ

যে কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাও।    ১০×২=২০

২২। শৈলীবিজ্ঞান কী? শৈলীবিজ্ঞানের সাহায্যে কিভাবে লেখার শৈলী বিচার হয়, আলোচনা করো।

২৩। ভাষা পরিকল্পনা কী? ভাষা পরিকল্পনার মুখ্য দিকগুলি আলোচনা করো।

২৪। আধুনিক সাহিত্য আন্দোলনে রিয়ালিজমের ভূমিকা বিচার করো।

২৫। 'কাব্যং গ্রাহ্যমলংকারাৎ' — মতটি আলোচনা করো।

---